

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবের সাথে USAID and WINROCK International-এর প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সাথে তার অফিস কক্ষে ০৮ জানুয়ারি ২০১৮ তারিখ বেলা-০৩.০০ টায় USAID and WINROCK International -এর প্রতিনিধিদল এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাৎকালে প্রতিনিধিদল বাংলাদেশ কাউন্টার ট্রাফিকিং ইন পারসন্স প্রোগ্রাম (Bangladesh Counter Trafficking-in-Persons)-এর কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। নিরাপদ ও দায়িত্বশীল অভিবাসন ব্যবস্থাপনা বিষয়ে এ মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। প্রতিনিধিদলটি বাংলাদেশের নিরাপদ অভিবাসন ও মানব পাচার রোধকল্পে তাদের কার্যক্রমের বিস্তৃতি সম্পর্কে সচিব মহোদয়কে অবহিত করেন। সাক্ষাৎকালে ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি প্রতিনিধিদলকে জানান, নিরাপদ টেকসই অভিবাসন সৃষ্টিতে এ মন্ত্রণালয় নিরলস কাজ করে যাচ্ছে। নিরাপদ ও সুষ্ঠু অভিবাসনের লক্ষ্যে এ মন্ত্রণালয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে একযোগে কাজ করছে। তিনি আরও বলেন, অভিবাসনে পিছিয়ে থাকা জেলাসমূহকে নিয়ে এ মন্ত্রণালয় বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। এ বিষয়ে উইনরক ইন্টারন্যাশনালকে কাজ করার আহ্বান জানান।

প্রতিনিধিদলে ইউএস এইড বাংলাদেশ এর অফিস অফ ডেমোক্রেসি এন্ড গভর্নেন্স এর পরিচালক টমাস পোপ (Thomas Pope) ও সিভিল সোসাইটি এ্যাডভাইজার সুমনা বিনতে মাসুদ এবং উইনরক ইন্টারন্যাশনাল এর চীফ অব পার্টি ইরিনেল ককস্ (Irinel Cocos), পিএইচডি ও টেকনিক্যাল টিম লিডার এন্ড প্রোটেকশন এ্যাডভাইজার দীপ্তা রক্ষিত উপস্থিত ছিলেন। প্রতিনিধিদল মানব পাচার রোধ ও নিরাপদ অভিবাসন কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সাথে কাজ করার বিষয়ে আগ্রহ প্রকাশ করেন।

